"শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২-২৯৭ তারিখ- ১৮/০৪/২২

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের এপ্রিল/২২ মাসের সভা ২৫/০৪/২০২২খ্রিঃ তারিখ বেলা ৩:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮ বিবিধ।

[স্বাক্ষর] ১৮/০৪/২০২২
(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬।

প্রাপক :..................................................

..................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড.................................................. অফিস।
০৭। অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

# এপ্রিল-২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৫/০৪/২০২২খ্রিঃ। |
| সময় | : | বিকাল : ৩.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **<u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :</u>**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে কোভিড-১৯ টিকা প্রদান করার জন্য ০৩টি কেন্দ্রে শীতাত্বাপ নিয়ন্ত্রণের জন্য এসি সংযোগ করা হয়। আমরা খুব অল্প সময়ের মধ্যে ভেকসিন কার্যক্রম সম্পন্ন করতে পেরেছি। এ জন্য তিনি উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>তিনি আরো বলেন যে, এ কাজে উপজেলা শিক্ষা অফিসারসহ তার অধিনস্থ সকল যথেষ্ট সহযোগিতা প্রদান করেছেন বিধায় তাদেরকেও ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>তিনি আরো বলেন যে, যদি কোন বাচ্চা এ টিকাদান কার্যক্রম হতে বাদ পড়ে তাহলে হরিদেবপুরে একটিদিন নির্ধারণ করে ঠিকা প্রদান করা যেতে পারে।<br>তিনি আরো বলেন যে, হরিদেবপুর ইউনিয়নে স্থায়ীভাবে টিকাদান কেন্দ্র স্থাপন করা যেতে পারে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br><br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br><br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br><br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | টিকা কার্যক্রম হতে বাদ পড়া ছাত্র-ছাত্রীদের মাঝে একটি দিন নিধারণ করে ঠিকা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) হরিদেপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে স্থায়ী ঠিকাদান কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতি-ক্রমে গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আইইউডি লক্ষ্যমাত্রা-১০২, অর্জন-৩৮, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫, অর্জন-২৯৭, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা-৮১, অর্জন- ১৮৬, গর্ভবতীর | | অর্জিত লক্ষমাত্রা ধরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সকল ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রগুলো যাওয়া আসার রাস্তায় কোন প্রকার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৬৩৯, ডেলিভারী লক্ষ্যমাত্রা- ৩৩৯, অর্জন- ৫০৪, প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা- ১৩৮০, অর্জন- ১১২৪ এবং শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা- ৩৪১৭, অর্জন- ৩৮৫০জন।<br>তিনি আরো বলেন যে, মমিনপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রটি গেট যাওয়া আসার জন্য পরিস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন। | | বাধা সৃষ্টি না হয় সেদিক খেয়াল রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | জরুরী ভিত্তিতে নলকূপের তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে জেলা প্রশাসনের সহায়তায় রংপুর জেলাকে পিরানহা মাছ মুক্ত ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে রংপুর সদর উপজেলায় অভিযান, মোবাইল কোর্ট, সচেতনতা সভা, লিফলেট বিতরণ, বাজার পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এলক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিসহ সকলের সহযোগিতা প্রয়োজন। | | পিরানহা মুক্ত রাখতে জনসচেতনতা সভা, লিফলেট বিতরণসহ হাট-বাজারগুলোতে মোবাইল কোট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, কৃষকদেরকে প্রনোদনা কার্যক্রম চলমান আছে। মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ইআইআর প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ঘাঘট নদীতে ০৬টি এলএলপি যথাক্রমে: ১) হোসেন নগর, দাগ নং- ১৪৭/২১৫৬, ২) আরজি ধর্মদাস ১৩১/২৮৭, ৩) বড়বাড়ী ১০১/৩৫১৬, ৪) দামোদরপুর ১০৪/৬৭৩, ৫) দামোদরপুর ১০৪/৭০৫ এবং ৬) হোসেন নগর ১৪৭/২০১৩ তফশীলভূক্ত জমিতে এলএলপি স্থাপন কার্যক্রম চলমান আছে। এছাড়াও তিনি জানান যে, হারাটি মৌজায় একটি গভীর নলকূপে বিদ্যুৎ লাইন সামাজিক কোন্দলের কারণে করতে না পারায় একটি গভীর নলকূপ চালু করা সম্ভব হচ্ছে না এবং হরিদেবপুর ইউনিয়নের রামনাথপুর মৌজায় একটি গভীর নলকূপ আলমগীর হোসেন এবং ফুলছার মিয়া দন্দের কারণে বন্ধ রয়েছে। অতি শীঘ্রই এটি চালু করার জন্য পরিষদের সহযোগিতা কামনা করেন।<br>হরিদেবপুর ও খলেয়া ইউনিয়নের ৫কিঃমিঃ রাস্তা পাকা করণের জন্য রাস্তার নাম প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন যে, রংপুর সদর উপজেলার মধ্যে অবস্থিত খাস পুকুর, জলাশয়, বিল এবং খাল খননের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। | | ১)নীতিমালার আলোকে কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) হরিদেবপুর এবং খলেয়া ইউনিয়নের জন্য বরাদ্দকৃত ৫কিঃমিঃ রাস্তার তালিকা (পরিশিষ্ট-খ) অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) অভিযুক্ত রামনাথপুর গভীর নলকূপটি ৩য় কোন ব্যক্তির মাধ্যমে পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫) হারাটি মৌজার গভীর নলকূপটি বিদ্যুৎ লাইন নির্মাণে প্রশাসনিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয়কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ১২-১৮ বছর বয়সের ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। কিন্তু বিদ্যালয়ের প্রধানগণ ছাত্র-ছাত্রীদের তালিকা শ্রেণীওয়ারী দেয়ার কারণে কিছু কিছু ছাত্র-ছাত্রীর বয়স ১২ বছর পূন না হওয়ায় তালিকা অনুযায়ী ভ্যাকসিন প্রদান তথ্য কম বেশী হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | ছাত্র-ছাত্রীদের মাঝে গত বছরের বই বিতরণ করা যাবে কি না এতদসংক্রান্ত পত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী আছে কি না এতদসংক্রান্ত তথ্য প্রেরণের জন্য মতামত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার তাদের অধিনস্থ সকল প্রতিষ্ঠানে এ সংক্রান্ত পত্র প্রেরণ করবে এবং আগামী ০৭ দিনের মধ্যে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী আছে কি না এবং তারা ভাতাভোগী কি না এতদসংক্রান্ত তথ্য প্রেরণ করবেন। | | ১) প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী আছের তথ্য প্রেরণ করার জন্য রংপুর সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, সরকারী রাজস্ব খাতের আওতায় ১৪টি প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে পত্র পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তিস্বাপেক্ষে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১ | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, অবৈধভাবে ব্যবহৃত করাত কল বন্ধের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **ভাইস চেয়ারম্যান :**<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আরএমপি মহিলাগণ রাস্তায় ঠিকমত কাজ করে না। আরএমপি কাজ তদারকী করার জন্য মতামত ব্যক্ত করেন। | আরএমপি কাজ নিয়মিত তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর। |
| | **ইউপি চেয়ারম্যানবৃন্দ :**<br>চেয়ারম্যান, ৫নং খলেয়া ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আমরা ০২টি ইউনিয়ন পরিষদ মমিনপুর ও খলেয়া নির্বাচিত হওয়ার পর এটাই আমাদের প্রথম সভা। সুষ্ঠুভাবে কাজ বাস্তবায়ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরো বলেন যে, অত্র ইউনিয়নের বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতা, শিক্ষা কার্যক্রম, স্বাস্থ্য এবং আইন-শৃঙ্খলা কার্যক্রম গংগাচড়া উপজেলা হতে পরিচালিত হয়। এ কাজগুলো রংপুর সদর উপজেলা হতে পরিচালনা করার জন্য মতামত ব্যক্ত করেন। | ৫নং খলেয়া ইউনিয়নের বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতা, শিক্ষা কার্যক্রম, স্বাস্থ্য এবং আইন-শৃঙ্খলা কার্যক্রম রংপুর সদর উপজেলা হতে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট প্রতিটি মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান, ৫নং খলেয়া ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| | ১নং মমিনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় বলেন যে, মমিনপুর হাট-বাজারটি একটি ঐতিহ্যবাহি হাট-বাজার। অনেকে এই হাটের মধ্যে যত্রতত্রভাবে ঘর তুলেছে। হাটটি সংস্কার করে সঠিকভাবে পরিচালনা করার জন্য মতামত ব্যক্ত করেন। হাটের মধ্যে অবস্থিত পাবলিক টয়লেটটি দরজা এবং পানির কোন ব্যবস্থা নাই। যা মেরামত করাও প্রয়োজন।<br>তিনি আরো বলেন যে, মমিনপুর মিলের পারে গাছ থাকার কারণে জনগণের চলাচলে বিঘ্নতা সৃষ্টি হচ্ছে। গাছটি কর্তনের জন্য মতামত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, মমিনপুরহাট-বাজারটি চান্দিনা ভিটি করে সংস্কার করা যেতে পারে। মূলত রংপুর সদর হাট-বাজারগুলো কমিটি গঠন করে পত্র প্রেরণের জন্য মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, মমিনপুর মিলের পাড়ে অবস্থিত গাছটি জেলা পরিষদের হওয়ায় উক্ত গাছ কর্তন করার জন্য জেলা পরিষদ, রংপুরের সাথে যোগাযোগ করার মতামত ব্যক্ত করেন। | নীতিমালার আলোকে হাট-বাজার কমিটি গঠন পূর্বক তার স্বপক্ষে কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) মমিনপুর মিলের পাড়ে অবস্থিত গাছ কর্তন করার জন্য জেলা পরিষদ, রংপুরের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান, ১নং মমিনপুর ইউপি, রংপুর সদর, রংপুর। |
| ২৪ | **বিবিধ :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা পরিষদ হলরুম, আবাসিক ভবন ফুলেশ্বরী, যমুনা ও তিস্তা ভবনের পানির পাম্পের বিদ্যুৎ মিটার বর্ষ্যপাতে পুড়ে যায়। এ মিটারগুলো ক্রয় ও পরবর্তন বাবদ মোট =১৫,৫০৭/- (পনের হাজার পাঁচশত সাত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | মিটার পরিবর্তন বাবদ ব্যয়িত =১৫,৫০৭/- (পনের হাজার পাঁচশত সাত) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২- তারিখ-

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা........................................ অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব .............................................................

১২। অফিস কপি।

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।